অধ্যক্ষের কার্যালয়
# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩
ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং

তারিখ: ১৮/০৩/২০২৫

## বিজ্ঞপ্তি নং-৫৩

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইনে প্রাথমিক আবেদন গ্রহণ করা হচ্ছে। ভর্তির যোগ্যতা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের prospectus/important Notice অপশন থেকে জানা যাবে।

| | |
|---|---|
| মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির বিষয়সমূহ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ। |
| ভর্তির প্রাথমিক আবেদনের তারিখ | ১৮/০৩/২০২৫ তারিখ বিকাল ৪:০০টা থেকে ১০/০৪/২০২৫ তারিখ রাত ১২:০০টা পর্যন্ত। |
| ভর্তির প্রাথমিক আবেদন ফি | ৩০০/- (তিনশত টাকা) মাত্র। |
| অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন পদ্ধতি ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি | প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Masters Tab এ প্রবেশ করে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব /প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাশের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয় দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজের নাম চাঁদপুর সরকারি কলেজের কোড- ৩৯০১ Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি যোগ্য বিষয় সমূহের নাম দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থীত বিষয় নির্ধারণ করতে হবে। পরবর্তী পর্যায়ে আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120 x 150 Pixels,Image Type:Jpg এবং Maximum File Size: 50Kb. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি Download করে A4 (8.5''X 11'') অফসেট কাগজে (Print) নিয়ে শিক্ষার্থীর ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে সংরক্ষণ করতে হবে। প্রাথমিক আবেদন ফরম কলেজে জমা দিতে হবে না। |
| ভর্তির প্রাথমিক আবেদন ফি প্রদান পদ্ধতি | আবেদন ফরম প্রিন্ট করার পর https://chandpurcollege.eshiksaems.com/ ওয়েব সাইটে প্রবেশ করে User ID: cgcstudent, Password: cgcstudent দিয়ে প্রবেশ করে Apply for Application Form এ ক্লিক করে Select application group NU- Admission Roll- Student Name- Mobile Number সঠিকভাবে দিয়ে Submit বাটন এ ক্লিক করে বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে এডুকেশন ফি / পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে অনলাইনে প্রাথমিক আবেদন ফরমের Admission Roll (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে Month-March-25 Select করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে আগামী ১৯/০৩/২০২৫ তারিখ হতে ১০/০৪/২০২৫ তারিখ রাত ১২:০০টার মধ্যে Payment সম্পন্ন করতে হবে। ফি জমা প্রদান না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। |

উল্লেখ্য যে, ০৯/০৪/২০২৫ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ১০/০৪/২০২৫ তারিখে কলেজের হটলাইন নম্বর: ০১৭৩০৫৮৮৮৭৩ (সকাল ১০:০০ থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত) যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্রঃ বিকাশ/নগদ / উপায় অ্যাপস্রের মাধ্যমে আগামী ১৯/০৩/২০২৫ তারিখ হতে ফি প্রদান করা যাবে।

১৮/০৩/২০২৫
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।
১৮/০৩/২০২৫

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। হিসাবরক্ষক, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৫। কলেজ নোটিশ বোর্ড।
৬। অফিস নথি।